people for Education
BECAUSE EDUCATION MATTERS MOST

হোমওয়ার্ক

যেদিক থেকে বাবা-মা ও কেয়ারগীভারগণ ছাত্রছাত্রীদের স্কুলে সাফল্য লাভ করার ব্যাপারে সাহায্য করতে পারেন সেটি হলো তাদের হোমওয়ার্কে সমর্থন দেওয়া

হোমওয়ার্ক কি ?

যে-সকল কাজ শিক্ষার্থীরা বাড়িতে করার জন্য নিয়ে আসতে পারে ঃ

- ক্লাসে শুরু করা হয়েছিল এমনধরনের নির্দিষ্ট কাজ শেষ করার জন্য
- কোনো গবেষণা-বিষয়ে কর্মরত কাজ
- পরীক্ষায় ভাল করার জন্য ঘরে মন দিয়ে লেখাপড়া করা
- ক্লাসে শিখেছে এমন কোনো নতুন নৈপুণ্য অভ্যাস করা
- বাইণ্ডার বা ওয়ার্কবুক পূর্ণাঙ্গ করে সাজানো
- উপন্যাস বা পাঠ্যপুস্তক থেকে নির্দিষ্ট করা কোনো অংশ মন দিয়ে পড়া

কোথায় ও কখন হোমওয়ার্ক করতে হবে ?

- সকল শিক্ষার্থী একইভাবে পড়াশোনা করে না। কেউ শান্ত পরিবেশে পড়তে পছন্দ করে. কেউ পড়তে পছন্দ করে ব্যাকগ্রাউণ্ড মিউজিক চালিয়ে, এবং অনেক শিক্ষার্থী তাদের বন্ধুবান্ধবদের সাথে একত্রে পড়তে সাহায্য হয় বলে মনে করে। আপনার সন্তানকে আপনিই ভাল জানেন। তার হোমওয়ার্ক করার জন্য উপযোগী পরিবেশ খুঁজে নিতে তাকে সাহায্য করুন।
- হোমওয়ার্ক করার জন্য নিয়মিত একটি সময় বরাদ্দ করা থাকলে সাহায্য হতে পারে। বাবা-মা যদি হোমওয়ার্ক শেষ করার জন্য বেশি চাপ সৃষ্টি করেন তাহলে প্রায় সময় তর্কবিতর্কের ফলে শিক্ষার্থীরা তাদের হোমওয়ার্ক না করে ফেলে রেখে দিতে পারে। হোমওয়ার্ক করার একটি সময় যদি নির্দিষ্ট করা থাকে, তাহলে সেটি দৈনন্দিন রুটিনের একটি অংশ হয়ে উঠবে।
- চেষ্টা করবেন যেন সন্ধ্যার আগেই হোমওয়ার্ক শেষ হয় কারণ ঐ-সময়েই শিক্ষার্থীরা উদ্যমশীল থাকে। ঘুমোতে যাওয়ার আগে দিয়ে রিল্যাক্স করার জন্য তাদের কিছুটা সময় দেবেন।

হোমওয়ার্ক শেষ করার জন্য শিক্ষার্থীগণ কতটুকু সময় ব্যয় করবে ?

- হোমওয়ার্ক করার সময়ের কোনো "সঠিক" পরিমাণ নির্দিষ্ট করা নেই। গবেষক ও শিক্ষাবিদগণের মতে প্রাথমিক গ্রেডের শিক্ষার্থীদের খুব সীমিতভাবে হোমওয়ার্ক দিতে হবে, এবং হাইস্কুলে ওঠার পর থেকে পরিমাণ ক্রমান্বয়ে বাড়াতে হবে।
- শিক্ষার্থীগণ পৃথক পৃথক গতিতে কাজ করে যার কারণে হোমওয়ার্ক করার জন্য সময় কতটুকু লাগবে তা কমবেশি হতে পারে।
- খেয়াল রাখতে হবে যেন শিক্ষার্থীগণ তাদের হোমওয়ার্ক করতে পারে, এবং খেলাধুলা, গানবাজনা শিক্ষা, ধর্মীয় সক্রিয়তা, ভাষাশিক্ষার ক্লাস, স্বেচ্ছাসেবকের কাজ সহ অন্যান্য ক্রিয়াকলাপেও অংশগ্রহণ করতে পারে।
- আপনি যদি মনে করেন যে আপনার সন্তান খুব বেশিমাত্রায় বা কমমাত্রায় হোমওয়ার্ক পাচ্ছে, তাহলে ক্লাসরুম টীচারের সাথে আপনি কথা বলতে পারেন।

পিতামাতাগণ কিভাবে হোমওয়ার্কে সাহায্য করতে পারেন ?

- বয়স্ক ছেলেমেয়েদের উৎসাহ দিন যেন তারা তাদের স্কুলের নির্দিষ্ট কাজ এবং পরীক্ষা এইসবের গতিবিধি সম্বন্ধে ওয়াকিবহাল থাকে। করণীয় বিষয়গুলির একটি তালিকা বা বৃহত্তর প্রোজেক্টের জন্য বড় একটি ক্যালেণ্ডার তৈরি করার ব্যাপারে সাহায্য করুন।
- যদি কোনো প্রোজেক্ট না হয়ে গতানুগতিক হোমওয়ার্ক হয় তাহলে শিক্ষার্থী ক্লাসে কি শিখছে সেগুলোর পুনরীক্ষণ করাই হচ্ছে হোমওয়ার্ক। এক্ষেত্রে শিক্ষার্থীরা নিজেই তাদের হোমওয়ার্ক করতে সক্ষম হবে।

People for Education is an independent parents' group working to support public education in Ontario's English, French and Catholic schools.
You can reach us at: P.O. Box 64, Station P, Toronto, Ontario, M5S 2S6
phone: 416-534-0100 fax: 416-536-0100 e-mail: info@peopleforeducation.com or visit: www.peopleforeducation.com

- আপনার ছেলেমেয়েরা যখন তাদের হোমওয়ার্ক করবে, আপনিও তখন আপনার 'হোমওয়ার্ক' করতে পারেন যেমন ঃ বিল পেমেন্ট করা, বই পড়া বা চিঠি লেখা। তাদের কাছাকাছি থেকে আপনি তাদের সঙ্গ দেবেন। কিন্তু, আপনার কাছে যদি সাহায্য চাই তবেই শুধু সাহায্য দেবেন।
- আপনার কমবয়স্ক সন্তানদের সঙ্গে নিয়ে বই পড়বেন (যে কোনো ভাষায়), এবং একটু বয়স্ক শিক্ষার্থীদের উৎসাহ দেবেন তারা নিজে নিজেই বই পড়তে যেন কিছু সময় দেয়।
- স্কুল সম্বন্ধে প্রতিদিনই আপনার সন্তানদের সাথে কথা বলবেন। বিষয়বস্তু আপনি না বুঝতে পারলেও, এবং যদিও ইংরেজি বা ফ্রেঞ্চ আপনার প্রথম ভাষা না হয়, আপনি একজন ভালো শ্রোতা হতে পারেন। গবেষণায় দেখা গেছে যে শুধু স্কুল সম্বন্ধে কথাবার্তা বলেই পিতামাতা শিক্ষার্থীদের সাফল্য অর্জনে সাহায্য করতে পারেন।
- নিশ্চিত করবেন শিক্ষার্থীগণ হোমওয়ার্ক করার সময় প্রয়োজনীয় জিনিসপত্র তাদের থাকে – যেমন ঃ পেন্সিল, রুলার, মার্কার, কাগজ।

শিক্ষার্থী যদি হোমওয়ার্কে কোনো কঠিন সমস্যার সম্মুখীন হয়, তখন ?

- সাহায্যের প্রয়োজন হলে শিক্ষার্থীকে উৎসাহিত করুন তার টীচারের সঙ্গে কথা বলতে। আপনার সন্তানকে বুঝতে দিন যে কোনকিছু বুঝতে না পারলে সাহায্য চাওয়াটা ঠিক আছে।
- আপনার সন্তান যদি হোমওয়ার্ক না বুঝতে পারে, তাকে জিজ্ঞেস করুন লেসেনটি তার টীচার কিভাবে শিখিয়েছেন। এতে তার স্মরণে আসতে পারে আগে কি সে শিখেছিল এবং উত্তরে কি লিখতে হবে।
- যদি দেখেন আপনার সন্তানের মেজাজ বিগড়ে যাচ্ছে বা সে নিরাশ হচ্ছে, তাহলে কিছু সময়ের জন্য বিরতি দিয়ে খানিক পরে আবার চেষ্টা করতে বলেন।
- চেষ্টা করেও যদি দেখেন যে শিক্ষার্থী হোমওয়ার্ক শেষ করতে পারছে নাম তাহলে অসমাপ্ত কাজই স্কুলে ফেরৎ দেয়া যেতে পারে। হোমওয়ার্ক অথবা অ্যাজেণ্ডাতে আপনি একটি নোট লিখে দিতে পারেন কেন এটি সম্পূর্ণ করা হয়নি। সমস্যাটি কি টীচার এ থেকে বুঝতে পারবেন, এবং তিনি খুশীও হবেন জেনে যে আপনার সন্তানের লেখাপড়ার ব্যাপারে আপনি জড়িত অছেন।
- আপনার সন্তান তবুও প্রায়শই যদি হোমওয়ার্ক শেষ করতে না পারে তাহলে টীচারের সাথে আলাপ করার জন্য অ্যাপয়েন্টমেন্ট করুন।

হোমওয়ার্ক সাপোর্টের জন্য অন্যান্য উপায়

- স্কুল অথবা আপনার স্থানীয় লাইব্রেরী বা কমিউনিটি সেন্টারে খোঁজ নিন কিধরনের হোমওয়ার্ক সাপোর্ট সেখান থেকে পাওয়া যেতে পারে। কোনো কোনো স্কুল ও পাবলিক লাইব্রেরীতে স্কুলের-পর-হোমওয়ার্ক ক্লাব আছে।
- ছাত্রছাত্রীগণ তাদের বন্ধুবান্ধব বা বড় ভাইবোনদের কাছ থেকে সাহায্য পেতে পারে।
- অনেক হাইস্কুলে পিয়ার-টিউটর আছে – শিক্ষার্থীগণ যারা ঐসব কোর্স শেষ করেছে, এবং অঙ্ক বা বিজ্ঞান-এর ক্ষেত্রে সাহায্য করতে পারে।
- হাইস্কুল শিক্ষার্থীদের জন্য একটি অন্-লাইন টিউটরিং সার্ভিস আছে (www.ilc.org)। এই সাইটে রবিবার থেকে বৃহস্পতিবার সার্টিফিকেট-প্রাপ্ত টীচার পাওয়া যায়, এবং তাঁরা লিখিত প্রবন্ধের উপর তাঁদের মতামতও দিয়ে থাকেন।
- কোনো কোনো স্কুল বোর্ড বিভিন্ন গ্রেডের জন্য অন্-লাইন শিক্ষাদান ও শিক্ষণীয় বিষয় সমূহে সাহায্য করে থাকে। বিস্তারিত তথ্যের জন্য আপনার স্কুল বোর্ডের ওয়েবসাইট খুলে দেখতে পারেন।

The Ontario Trillium Foundation / La Fondation Trillium de l'Ontario

This tip sheet was developed with the support of the Ontario Trillium Foundation.

Copies are available in several languages at www.peopleforeducation.com.
For more information, call 416-534-0100 (toll-free 1-888-534-3944) or email info@peopleforeducation.com
© People for Education 2008